সংবাদ

তারিখ ... 12 NOV 2016 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 8 ...
11 NOV 2016

# বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এমডি এমএসএ ভর্তি পরীক্ষা আজ

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)'র অধীনে মার্চ-২০১৭ শিক্ষাবর্ষের রেসিডেন্সি প্রোগ্রাম এমডি/এমএস ফেইজ-এ ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হবে। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) মূল ক্যাম্পাস ও বুয়েটের পশ্চিম পলাশী ক্যাম্পাস এবং ইডেন মহিলা কলেজে এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তিন ঘণ্টার এই পরীক্ষা শুরু হবে সকাল ৯টায়। শেষ হবে ১২টায়।

গতকাল বিশ্ববিদ্যালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, মেডিসিন, সার্জারি, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদ এবং ডেন্টাল অনুষদে মোট নয় হাজার ৫৮৮ জন পরীক্ষার্থী অংশ নেবেন। মোট আসন সংখ্যা হলো এক হাজার ৫২টি। এরমধ্যে মেডিসিন অনুষদে ৪৫২টি আসনের বিপরীতে চার হাজার ২৪০ জন, সার্জারি অনুষদে ৪৩৫টি আসনের বিপরীতে তিন হাজার ৯৮৮ জন, বেসিক সায়েন্স ও প্যারা ক্লিনিক্যাল সায়েন্স অনুষদে ১১৯টি আসনের বিপরীতে ৯৩৪ জন এবং ডেন্টাল অনুষদে ৪৬টি আসনের বিপরীতে ৪২৬ জন পরীক্ষার্থী অংশ নেবেন।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, ভর্তি পরীক্ষার ফলাফল আজ রাতের মধ্যেই প্রকাশ করা হবে। পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের নোটিশবোর্ড এবং ওয়েব সাইট www.bsmmu.edu.bd-এর মাধ্যমে পরীক্ষার্থীরা জানতে পারবেন।